সামগ্রিক অগ্রগতি সত্ত্বেও বাণিজ্যনীতির পরিবর্তন, উন্নয়নশীল দেশগুলোর উচ্চ ঋণের বোঝা এবং ভূরাজনৈতিক উত্তেজনা বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলকে (Supply Chain) এখনো ঝুঁকির মুখে রাখছে।

বাংলাদেশের অর্থনীতি

বাংলাদেশের জন্য ২০২৫ সাল ছিল মূলত একটি সতর্ক সমন্বয় ও টেকসই পুনরুদ্ধারের বছর। পূর্ববর্তী বছরের রাজনৈতিক ও সামাজিক পরিবর্তনের পর দেশের অর্থনীতিতে ক্রমান্বয়ে স্থিতিশীলতার স্পষ্ট প্রতিফলন ঘটেছে। ২০২৪-২৫ অর্থবছরে দেশের জিডিপি প্রবৃদ্ধি হয়েছে প্রায় ৪.০ শতাংশ। তবে ২০২৫-২৬ অর্থবছরে এটি আরও শক্তিশালী হয়ে ৬.৫ শতাংশে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। বাজারভিত্তিক বিনিময় হার নির্ধারণ, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে কঠোর মুদ্রানীতি এবং প্রবাসীদের রেকর্ড পরিমাণ রেমিট্যান্স প্রবাহ এই অর্থনৈতিক অগ্রযাত্রার মূল ভিত্তি হিসেবে কাজ করেছে।

আলোচ্য বছরে রেমিট্যান্স ৩০ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করে নতুন রেকর্ড গড়েছে, যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভকে শক্তিশালী করেছে। পাশাপাশি তৈরি পোশাকসহ (RMG) প্রধান রপ্তানি খাতগুলো তাদের স্বাভাবিক গতি ফিরে পেয়েছে।

২০২৬ সালে স্বল্পোন্নত দেশের (LDC) তালিকা থেকে চূড়ান্ত উত্তরণের প্রস্তুতি হিসেবে সরকার "স্মার্ট বাংলাদেশ" ভিশন বাস্তবায়নে বিশেষ জোর দিয়েছে। ঢাকা মেট্রোরেল ও মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দরের মতো মেগা প্রকল্পগুলো পুরোদমে চালু হওয়ায় ব্যবসা পরিচালনার ব্যয় (Cost of Doing Business) উল্লেখযোগ্যভাবে কমেছে। শিল্প খাতের পাশাপাশি সেবা ও তথ্যপ্রযুক্তি (IT) খাতে দ্বি-অঙ্কের প্রবৃদ্ধি অর্জিত হওয়ায় দেশের অর্থনীতি ক্রমান্বয়ে বহুমুখী ও ডিজিটাল রূপান্তরের দিকে এগিয়ে যাচ্ছে।

বাংলাদেশের বীমা খাত

২০২৫ সালে বাংলাদেশের বীমা খাতে এক যুগান্তকারী রূপান্তর ঘটেছে। আধুনিক প্রযুক্তি ও সময়োপযোগী নীতিমালার ছোঁয়ায় এই খাতটি এখন আরও স্বচ্ছ, গতিশীল এবং গ্রাহককেন্দ্রিক হয়ে উঠেছে।

পলিসি ইস্যু থেকে শুরু করে বীমা দাবি পরিশোধ পর্যন্ত প্রতিটি স্তরে ডিজিটাল প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। ইনশিওরটেক বা বীমা প্রযুক্তির কল্যাণে কোম্পানিগুলো এখন তাৎক্ষণিকভাবে ঝুঁকি মূল্যায়ন করতে পারছে এবং স্বয়ংক্রিয়ভাবে বীমা দাবি নিষ্পত্তি করছে। ফলে সেবার দক্ষতা বৃদ্ধির পাশাপাশি সাধারণ মানুষের আস্থা বহুগুণ বেড়েছে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক কঠোর সচ্ছলতার মানদণ্ড (Solvency Margin) এবং সুশাসনের নিয়মাবলী চালুর ফলে এই খাতের আর্থিক ভিত্তি আরও মজবুত হয়েছে। অতিমারি-পরবর্তী স্বাস্থ্যসচেতনতা এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকির কারণে বাজারে স্বাস্থ্য বীমা, ক্ষুদ্র বীমা (Micro-insurance) এবং ফসল বীমার চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে।

এই ইতিবাচক পরিবর্তনের ফলে বীমা এখন আর কেবলই কোনো আইনি বাধ্যবাধকতা নয়, বরং দেশের সাধারণ মানুষের আর্থিক নিরাপত্তার একটি অপরিহার্য মাধ্যম হিসেবে স্বীকৃতি পাচ্ছে।

কোম্পানির কর্পোরেট প্রোফাইল

২০০০ সালে প্রতিষ্ঠিত ১টি বেসরকারি নন লাইফ বীমা কোম্পানি হিসেবে গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি অত্যন্ত সফলতার সাথে ২৬তম বছরে পদার্পণ করেছে। এই সময়ের মধ্যে ঢাকা শহরের গুরুত্বপূর্ণ এলাকাসহ বাংলাদেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যবসা কেন্দ্রে মোট ৬৮টি শাখা চালু করেছে। আমরা সারা দেশব্যাপী শাখাসমূহের মাধ্যমে সম্মানিত গ্রাহকদের বীমা চাহিদা পূরণে সক্ষম। সারাদেশের বিদ্যুৎ খাত, শিল্প উৎপাদন খাত, পরিবহন ও ব্যবসা খাতের স্বনামধন্য প্রতিষ্ঠানগুলোকে বীমা সেবা দিতে পেরে কোম্পানি অত্যন্ত গর্বিত। গ্রাহকদের ক্রমপরিবর্তনশীল চাহিদা পূরণ করতে পেরে এবং নতুন গ্রাহক সেবার পরিচিতি ঘটিয়ে অত্র কোম্পানি বীমা ক্ষেত্রে একটি সম্মানজনক স্থানে অধিষ্ঠিত হয়েছে। ক্রমাগত ব্যবসা উন্নয়ন, অবলিখন দক্ষতার উন্নয়ন এবং দ্রুত দাবী পরিশোধের মাধ্যমে সকল ক্ষেত্রে উৎকর্ষ সাধন করতে গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি প্রতিশ্রুতিবদ্ধ।

পুনঃবীমা সুরক্ষা

পুনঃবীমা হচ্ছে বীমার বীমা। গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি প্রতি বছর রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন এর সাথে পুনঃবীমা চুক্তি সম্পন্ন করে আসছে। এছাড়াও বিদেশী পুনঃবীমা ব্রোকারেজ কোম্পানি সমূহ যেমন জে বি বোদা রি-ইন্স্যুরেন্স ব্রোকারস প্রাইভেট লিমিটেড, প্রোটেকশন রি-ইন্স্যুরেন্স সার্ভিস, ডব্লিউ.এল.এল এবং আরো অনেকের সাথে ঘনিষ্ঠ যোগাযোগের মাধ্যমে খুব অল্প সময়ে বিশেষজ্ঞ মতামত অর্জনসহ পুনঃবীমা কাজ সুচারুরূপে সম্পন্ন করে থাকে। সুতরাং গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি যে কোন সম্পদের চাহিদামত প্রয়োজনীয় বীমা ঝুঁকি গ্রহণে সক্ষম।

কোম্পানির ব্যবসা পর্যালোচনা

২০২৫ সালের ব্যবসার উল্লেখযোগ্য দিকসমূহ নিম্নরূপ:

মিলিয়ন টাকা

ক্র.নং	বিবরণ	২০২৫	২০২৪
১.	নীট প্রিমিয়াম আয়	৬১৯.২৯	৬৫০.৯৯
২.	গ্রস প্রিমিয়াম আয়	৮৯১.১৯	৮৫৫.৩৩
৩.	ব্যবস্থাপনা খরচ রেভিনিউ	৪৯৮.১৩	৫১৫.৫৪
৪.	সুদ, বিনিয়োগ ও অন্যান্য আয়	৭৪.৬৬	৬৩.৯৪
৫.	ব্যবস্থাপনা খরচ অন্যান্য	৪৫.৭৮	৩৪.৬৪
৬.	অবলিখন মুনাফা	৫৩.৩৭	৬৭.৪৩
৭.	আয়কর সঞ্চিতি	২৮.২১	৩০.০৫
৮.	নেট এ্যাসেট ভ্যালু (প্রতি শেয়ার মূল্য ১০/-) (সমন্বয়ের পর)	১৪.৮৩	১৪.৫৪
৯.	নেট অপারেটিং ক্যাশ ফ্লো পার শেয়ার (প্রতি শেয়ার মূল্য ১০/-) (সমন্বয়ের পর)	১.৬৪	০.২৬
১০.	স্থায়ী আমানত	৬৫০.৫০	৬৮১.৮০
১১.	স্থায়ী সম্পদ	৮৩.৯৪	৮৯.১৪
১২.	**মোট সম্পদ**	**১৮২২.৬৯**	**১৭৭৫.২৫**

খাতওয়ারী প্রিমিয়াম আয়

১. অগ্নি বীমা: ২০২৫ সালে অগ্নি বীমা খাতে কোম্পানির অর্জিত প্রিমিয়াম আয় হয় ৩৩৫.৬৮ মিলিয়ন টাকা, ২০২৪ সালে উক্ত আয় ছিল ২৭৪.১৬ মিলিয়ন টাকা। বৃদ্ধি পেয়েছে ২২.৪৪%।

২. নৌ বীমা: ২০২৫ সালে নৌ বীমা খাতে কোম্পানির অর্জিত প্রিমিয়াম আয় হয় ৪২৭.৬৮ মিলিয়ন টাকা, ২০২৪ সালে উক্ত আয় ছিল ৪৬৭.৮১ মিলিয়ন টাকা।হ্রাস পেয়েছে ৮.৫৮%।

৩. নৌ হাল বীমা: ২০২৫ সালে নৌ হাল বীমা খাতে কোম্পানির অর্জিত প্রিমিয়াম আয় হয় ১.২৮ মিলিয়ন টাকা, ২০২৪ সালে উক্ত আয় ছিল ২.৬৩ মিলিয়ন টাকা।হ্রাস পেয়েছে ৫১.৩৩%।

৪. মোটর বীমা: ২০২৫ সালে কোম্পানির মোটর বীমা খাতে অর্জিত প্রিমিয়াম বাবদ আয় হয় ৬৫.৮৫ মিলিয়ন টাকা, ২০২৪ সালে উক্ত আয় অর্জিত হয়েছে ৫৫.৬১ মিলিয়ন টাকা। বৃদ্ধি পেয়েছে ১৮.৪১%।

৫. বিবিধ বীমা: বিবিধ বীমা খাতে অত্র কোম্পানির ২০২৫ সালে অর্জিত প্রিমিয়াম আয় হয় ৬১.৪২ মিলিয়ন টাকা, ২০২৪ সালে উক্ত আয় ছিল ৫৫.১১ মিলিয়ন টাকা। বৃদ্ধি পেয়েছে ১১.৪৫%।

ঝুঁকি ও ঝুঁকি ব্যবস্থাপনা

এ বিশ্বে মৃত্যু ছাড়া সব কিছুই অনিশ্চিত। প্রকৃতপক্ষে সমস্ত কিছুই অনিশ্চতায় পূর্ণ। মানুষ এই অনিশ্চিত অবস্থা থেকে পরিত্রান পেতে বিভিন্ন ধরনের প্রতিকারমূলক ব্যবস্থাও গ্রহণ করে। এতদসত্বেও মানুষকে অনেক ঝুঁকির সম্মুখিন হতে হয়। ক্ষতিগ্রস্ত হয় তার জীবন ও সম্পদ। আর এরই প্রেক্ষিতে ঝুঁকি ব্যবস্থাপনার প্রয়োজন হয়। বীমা হচ্ছে ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতিসমূহের মধ্যে অন্যতম। বীমার মাধ্যমে মানুষের জীবন ও সম্পদের ঝুঁকি বীমা কোম্পানির নিকট হস্তান্তর করা হয়। গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি তার গ্রাহকদের সম্পদের দায় ও সুরক্ষা নিশ্চিত করে ক্ষতিপূরণের ক্ষেত্রে ক্ষতিপূরণ নীতি (Principle of Indemnity) অনুসরণ এবং পরিপালনের পূর্ণ নিশ্চয়তা প্রদান করে থাকে।

বিনিয়োগ

একটি আর্থিক প্রতিষ্ঠানের প্রবৃদ্ধি অনেকাংশে নির্ভর করে সঠিক বিনিয়োগ পরিকল্পনার উপর। একটি সুপ্রতিষ্ঠিত সাধারণ বীমা কোম্পানি বহুমুখী ও বাস্তবসম্মত বিনিয়োগ নীতির উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করে থাকে। এ কারণে বিনিয়োগ থেকে আয় বাড়াতে সম্ভাব্য সকল পন্থা গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ কথা বিবেচনায় রেখে কোম্পানির সম্মানিত পরিচালনা পর্ষদ লাভজনক বিনিয়োগ খাতে বিনিয়োগ বৃদ্ধি করার জন্য সদা সচেষ্ট।

মোট বিনিয়োগ ও অন্যান্য আয়ের বিস্তারিত বিবরণ

বিবরণ	টাকার পরিমাণ (মিলিয়ন)
সুদ হতে আয়	৭১.৪২
ডিভিডেন্ড	০.৫৭
অন্যান্য আয়	৩.৩৭
শেয়ারের বাজার মূল্য হ্রাস জনিত সমন্বয়	(১.০৯)
মোট:	**৭৪.৬৬**

সংশ্লিষ্ট পক্ষের সাথে লেনদেন

পর্যালোচনাধীন বছরে সংশ্লিষ্ট পক্ষসমূহের সঙ্গে সম্পাদিত লেনদেনের বিস্তারিত বিবরণ কোম্পানির ২০২৫ সালের বার্ষিক প্রতিবেদনের অন্তর্ভুক্ত নিরীক্ষিত আর্থিক বিবরণীর নোট নং ৩২-এ যথাযথভাবে প্রকাশ করা হয়েছে।

সলভেন্সি মার্জিন

বীমা আইন, ২০১০-এর ধারা ১৪৮ এবং ধারা ৪৩ অনুযায়ী, নন-লাইফ বীমা কোম্পানির জন্য সলভেন্সি মার্জিন সংক্রান্ত বিধিমালা এস.আর.ও. নং-৩৩১-আইন/২০২৪, তারিখ ১৮ সেপ্টেম্বর ২০২৪ এর মাধ্যমে অনুমোদিত হয়েছে।

উক্ত বিধিমালা অনুযায়ী ২০২৫ সালে কোম্পানির জন্য প্রয়োজনীয় সলভেন্সি মার্জিনের পরিমাণ ২৫.২৮ কোটি টাকা, যা ২০২৪ সালে ছিল ২৬.৮০ কোটি টাকা। ২০২৫ সালে কোম্পানির প্রাপ্য সলভেন্সি মার্জিনের পরিমাণ ২৯.৯৯ কোটি টাকা, যা ২০২৪ সালে ছিল ৩০.১৮ কোটি টাকা। ফলে ২০২৫ সালে গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি-এর সলভেন্সি অনুপাত ১.১৯ গুণ, যা ২০২৪ সালে ছিল ১.১৩ গুণ। বিস্তারিত নিম্নরূপ:

কোটি টাকা

বিবরণ	২০২৫	২০২৪
প্রাপ্য সলভেন্সি মার্জিন	২৯.৯৯	৩০.১৮
প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন	২৫.২৮	২৬.৮০
সলভেন্সি অনুপাত	১.১৯	১.১৩

কোম্পানির গাড়ি সমূহ ও এর রক্ষণাবেক্ষণ খরচ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সার্কুলার নং বী:উ:নি:ক/জিএডি/১০০৩/২০১১-৫৫৪ তারিখ ২৪/০৪/২০১৪ এর ৫নং বিধি মোতাবেক ২০২৫ সালে অত্র কোম্পানির সকল গাড়িসমূহের ব্যবহার ও রক্ষণাবেক্ষণ জনিত খরচ হয় ৩.৮৫ মিলিয়ন টাকা। মোট গাড়ির সংখ্যা ৪১টি (কার ২৯টি + মোটর সাইকেল ১২টি) যার মোট ক্রয়মূল্য ৬৭.৬৮ মিলিয়ন টাকা এবং ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে অবলিখিত মূল্য ১৫.৯৯ মিলিয়ন টাকা।

অনুমোদিত ও পরিশোধিত মূলধন

২০০০ সালে কোম্পানির অনুমোদিত মূলধন ছিল ৩০০.০০ (তিন শত) মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ছিল ৬০ (ষাট) মিলিয়ন টাকা। ২০১২ সালে অনুমোদিত মূলধন বৃদ্ধি করে ১,০০০ (এক হাজার) মিলিয়ন টাকা করা হয়। ২০০৫ সালে কোম্পানি আইপিওতে গেলে জনগণের অংশের শেয়ার বাবদ সংগৃহীত হয় ৯০ (নব্বই) মিলিয়ন টাকা, ফলে পরিশোধিত মূলধন বেড়ে দাঁড়ায় ১৫০ (একশত পঞ্চাশ) মিলিয়ন টাকা। বিগত ২০০৮ হতে ২০১৯ সাল পর্যন্ত কোম্পানি তাঁর শেয়ারহোল্ডারদের জন্য স্টক ডিভিডেন্ড ঘোষণার মাধ্যমে বর্তমানে কোম্পানির মোট পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে ৪০৫.৫১ মিলিয়ন টাকা।

শেয়ার প্রতি আয়

২০২৫ সালে অত্র কোম্পানির শেয়ার প্রতি আয় হয় ১.২৯ টাকা যা ২০২৪ সালে ছিল ১.৫৮ টাকা।

দাবী

২০২৫ সালে কোম্পানির নীট দাবীর পরিমাণ ২২.৩১ মিলিয়ন টাকা, যা ২০২৪ সালে ছিল ৪০.২৫ মিলিয়ন টাকা।

মুনাফা বণ্টন

২০২৫ সালে কোম্পানির কর পূর্ববর্তী নীট মুনাফার পরিমাণ দাঁড়িয়েছে ৮০.২৫ মিলিয়ন টাকা। ২০২৫ সালে অর্জিত মুনাফা এবং গত বছরের অবণ্টিত মুনাফা (৪৫.৫০-৪০.৫৫)=৪.৯৮ মিলিয়ন টাকা সহ মোট বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ দাঁড়িয়েছে ৮৫.২০ মিলিয়ন টাকা। পরিচালনা পর্ষদের পক্ষ থেকে মুনাফাসমূহ নিম্নরূপভাবে বণ্টনের প্রস্তাব করা হয়েছে:

• আয়করের জন্য রিজার্ভ	২৮.২১ মিলিয়ন টাকা
• বিলম্বিত কর সঞ্চিতি	(০.২৬) মিলিয়ন টাকা
• আকস্মিক ক্ষতির জন্য সঞ্চিতি	১৪.০০ মিলিয়ন টাকা
• ২০২৫ সালের জন্য লভ্যাংশ প্রদেয়	৪০.৫৫ মিলিয়ন টাকা
• অবণ্টিত মুনাফা	২.৭০ মিলিয়ন টাকা

সাধারণ সঞ্চিতি

২০২৫ সালে মোট সাধারণ সঞ্চিতি দাঁড়িয়েছে ১৫২.৬৪ মিলিয়ন টাকা, যা ২০২৪ সালে ছিল ১৩৮.৬৪ মিলিয়ন টাকা।

সুপারিশকৃত লভ্যাংশ

গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি এর অন্যতম লক্ষ্য হচ্ছে শেয়ারহোল্ডারদের প্রাপ্তি সর্বোচ্চ পর্যায়ে বৃদ্ধি করা। তাঁরা যাতে তাদের বিনিয়োগের বিপরীতে সর্বোচ্চ মুনাফা অর্জন করতে পারেন সেটা নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কোম্পানির পরিচালনা পর্ষদ ২০২৫ সালের জন্য ১০% ক্যাশ ডিভিডেন্ড প্রদানের সুপারিশ করেছে, যা ২৬তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে প্রদান করা হবে। উল্লেখ্য, কোম্পানী ২০২৩ সালে ১০.০০% নগদ লভ্যাংশ এবং ২০২৪ সালে ১০% নগদ লভ্যাংশ প্রদান করেছে।

ক্রেডিট রেটিং

ন্যাশনাল ক্রেডিট রেটিংস লিমিটেড (NCR) কর্তৃক প্রদত্ত গ্লোবাল ইন্সুরেন্স পিএলসি এর বর্তমান ক্রেডিট রেটিং AAA (ট্রিপল এ)। এই রেটিং এ কোম্পানির ট্র্যাক রেকর্ড, উন্নত অবলিখন কর্মক্ষমতা ও নীট আয় প্রতিফলিত হয়েছে। এই ক্যাটাগরির বীমা কোম্পানিসমূহ বিদ্যমান অন্যান্য বীমা কোম্পানির তুলনায় বীমা পলিসি গ্রাহকদের চাহিদা পূরণ করার সর্বোচ্চ এবং বেশি সুবিধা প্রদান করার ক্ষমতা রাখে। প্রতিকূল ব্যবসা পরিস্থিতি ও অর্থনৈতিক প্রভাবেও এই কোম্পানিসমূহ তুলনামূলকভাবে কম সংবেদনশীল।

পরিচালকমন্ডলীর অবসর গ্রহণ ও নির্বাচন

কোম্পানির আর্টিকেলস্ অব এসোসিয়েশন অনুযায়ী 'ক' গ্রুপের পরিচালকবৃন্দের মধ্যে নিম্নবর্ণিত ৫ (পাঁচ) জন পরিচালক ২৬তম বার্ষিক সাধারণসভায় অবসর গ্রহণ করবেন এবং পুনরায় নির্বাচনের যোগ্য বিধায় তাঁরা পুনঃ নির্বাচনের জন্য আবেদন করেছেন:

পরিচালক 'ক' গ্রুপ

১) জনাব মনোজ কুমার রায়

২) জনাব মোঃ হারুনুর রশিদ

৩) জনাব শকওত রেজা

৪) মিসেস ইশরাত জাহান

৫) জনাব মোঃ মনিরুল ইসলাম

কোম্পানির আর্টিকেলস্ অব এসোসিয়েশন অনুযায়ী সাধারণ শেয়ারহোল্ডারদের পক্ষ থেকে নিম্নোক্ত ১ (এক) জন পরিচালক ২৬তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং পুনরায় নির্বাচনের যোগ্য বিধায় তিনি পুনঃ নির্বাচনের জন্য আবেদন করেছেন:

পরিচালক 'খ' গ্রুপ

১) জনাব মোঃ আব্দুল মুক্তাদির

কোম্পানির শেয়ারহোল্ডারদের জ্ঞাতার্থে ২৬তম বার্ষিক সাধারণ সভায় পরিচালক নির্বাচনের বিজ্ঞপ্তি গত ১৭ জুন, ২০২৬ তারিখে দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে।

এছাড়া ২৫তম ও ২৬তম বার্ষিক সাধারণ সভায় মধ্যবর্তী সময়ে গত ১১ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত ২০৮ তম পর্ষদ সভায় নিম্নবর্ণিত ব্যক্তিগণকে তাদের যোগ্যতা নিবেচনায় স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যা আসন্ন ২৬তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপিত হবে।

১. মিসেস কামরুন নাহার আহমেদ

মিসেস কামরুন নাহার আহমেদ বাংলাদেশ সরকারের সাবেক সিভিল সার্ভেন্ট তিনি অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করেছেন। তার জনপ্রশাসন, সরকারি বাজেট ব্যবস্থাপনা, আর্থিক নীতি প্রণয়ন এবং প্রাতিষ্ঠানিক সুশাসন বিষয়ে ৩২ বছরেরও বেশি সমৃদ্ধ অভিজ্ঞতা রয়েছে।

তিনি ১৩ বছরেরও বেশি সময় অর্থ মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্ম সচিব ও অতিরিক্ত সচিব হিসেবে তিনি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন বিধি, নীতি এবং নিয়ন্ত্রক কাঠামো প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এছাড়া তিনি প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (Managing Director) হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি জাতীয় নদী রক্ষা কমিশনের পূর্ণকালীন সদস্য এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। পাশাপাশি তিনি বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (BICM) এবং কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

মিসেস আহমেদের রয়েছে শক্তিশালী একাডেমিক ভিত্তি। তিনি University of Dhaka থেকে অর্থনীতিতে বিএসএস (সম্মান) ও এমএসএস ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে Norwegian University of Science and Technology থেকে Social Change বিষয়ে এমফিল ডিগ্রি লাভ করেন, যেখানে তিনি কৃতিত্বের সঙ্গে লাভ করেন।

তিনি সুশাসন, জনপ্রশাসন, আর্থিক নীতি, পুঁজিবাজার নিয়ন্ত্রণ, উন্নয়ন মূল্যায়ন এবং ঝুঁকি অর্থায়ন বিষয়ক অসংখ্য আন্তর্জাতিক পেশাগত প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। তাঁর উল্লেখযোগ্য বিদেশি প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমের মধ্যে রয়েছে Swansea University, Royal Tropical Institute, IMF-Singapore Regional Training Institute, Civil Service College Singapore, University of Manchester, RMIT University, Asian Development Bank Institute, United States Department of State, Securities Commission Malaysia, Carleton University, Duke University এবং Monetary Authority of Singapore-এ অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ ও পেশাগত উন্নয়ন কর্মসূচি।

তাঁর দীর্ঘ কর্মজীবন, নীতি-নির্ধারণী দক্ষতা এবং প্রশাসনিক অভিজ্ঞতা বাংলাদেশের আর্থিক ও প্রাতিষ্ঠানিক খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

২. জনাব অভিজিৎ কুমার সাহা

জনাব অভিজিৎ কুমার সাহা ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB)-এর একজন স্বনামধন্য ফেলো চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (FCA)। ২০ বছরেরও বেশি দীর্ঘ পেশাদার কর্মজীবনে তিনি আর্থিক কৌশল নির্ধারণ, অডিটিং (হিসাব নিরীক্ষা) এবং অ্যাডভাইজরি সেবায় বিশেষ দক্ষতা অর্জন করেছেন; বিশেষ করে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং বীমা কোম্পানিগুলোর অডিট পরিচালনায় তাঁর ব্যাপক অভিজ্ঞতা রয়েছে।

কর্মজীবনে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ শীর্ষ পদে দায়িত্ব পালন করেছেন, যার মধ্যে মার্কেন্টাইল ব্যাংক লিমিটেডের ডেপুটি চিফ ফাইন্যান্সিয়াল অফিসার (Deputy CFO) এবং ফিন্যান্সিয়াল অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশনের প্রধান হিসেবে তাঁর ভূমিকা অন্যতম। এছাড়াও তিনি ইউএইচওয়াই সাইফুল শামসুল আলম অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস-এর একজন পার্টনার ছিলেন এবং বাংলাদেশ রেটিং এজেন্সি লিমিটেডে (ডান অ্যান্ড ব্র্যাডস্ট্রিট সাউথ এশিয়া মিডল ইস্ট লিমিটেড) চিফ রিস্ক অফিসার (CRO) ও চিফ অপারেটিং অফিসার (COO) হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর আগে

তিনি ডেলয়েট বাংলাদেশ (হুদা ভাসী চৌধুরী অ্যান্ড কোং)-এ অডিট ম্যানেজার হিসেবে ৫ বছরেরও বেশি সময় কাজ করেছেন, যেখানে তিনি আন্তর্জাতিক অডিট রিভিউ সফলভাবে সম্পন্ন করেন।

জনাব সাহা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ থেকে অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস (AIS) বিভাগ থেকে বিবিএ এবং এমবিএ ডিগ্রি অর্জন করেন। আইএফআরএস/আইএএস (ওঋজঝ/ওঅঝ) এবং স্থানীয় আর্থিক আইনকানুন ও রেগুলেটরি ফ্রেমওয়ার্ক বিষয়ে গভীর জ্ঞান, পেশাদার সততা এবং নৈতিক মানের জন্য তিনি সুপরিচিত। বর্তমানে তিনি একজন প্র্যাকটিসিং চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট হিসেবে ৪০ জনেরও বেশি অভিজ্ঞ পেশাজীবীর একটি গতিশীল দলের নেতৃত্ব দিচ্ছেন।

৩. ইঞ্জিনিয়ার গোলাম ফখরুদ্দিন আহমেদ চৌধুরী

ইঞ্জিনিয়ার গোলাম ফখরুদ্দিন আহমেদ চৌধুরী বাংলাদেশ সিভিল সার্ভিস (টেলিকমিউনিকেশন) ক্যাডারের একজন অত্যন্ত অভিজ্ঞ সাবেক সরকারি কর্মকর্তা, যাঁর কর্মজীবন ৩০ বছরেরও বেশি সময় জুড়ে বিস্তৃত। তিনি রেলপথ মন্ত্রণালয়ের অধীনে দেশের অন্যতম বড় মেগা প্রজেক্ট 'পদ্মা সেতু রেল লিঙ্ক প্রকল্প'-এর অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক হিসেবে সফলভাবে কাজ করেছেন। এই দায়িত্ব পালনকালে তিনি চীনের এক্সিম ব্যাংকের সাথে ঋণ চুক্তি সম্পন্ন করেন এবং প্রকল্পটি সফলভাবে বাস্তবায়ন করেন।

তিনি বিটিসিএল (BTCL)-এর ব্যবস্থাপনা পরিচালক (MD) হিসেবে এবং সরকারি মোবাইল অপারেটর 'টেলিটক বাংলাদেশ লিমিটেড'-এর আইটি, ফিন্যান্স ও মার্কেটিং-সহ বিভিন্ন বিভাগের জেনারেল ম্যানেজার হিসেবে শীর্ষ পর্যায়ে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি সরকারের আইসিটি বিভাগ এবং বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ডের গুরুত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন। বর্তমানে তিনি পরিবেশবান্ধব সৌরবিদ্যুৎ ও তথ্যপ্রযুক্তি সেবাদানকারী প্রতিষ্ঠান 'গোল্ডেন-হর্ন টেকনোলজি লিমিটেড'-এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

শিক্ষাজীবনে তিনি বুয়েট (BUET) থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ (IBA) থেকে ফিন্যান্সে এমবিএ এবং অস্ট্রেলিয়া থেকে ইনফরমেশন টেকনোলজিতে মাস্টার্স (MIT) ডিগ্রি লাভ করেন। তিনি আমেরিকা, ইংল্যান্ড ও ফ্রান্স থেকে সাইবার সিকিউরিটি ও আইসিটি পলিসির ওপর উচ্চতর প্রশিক্ষণ নিয়েছেন।

স্বতন্ত্র পরিচালকসহ পরিচালকদের পারিশ্রমিক

অত্র কোম্পানি ২০২৫ সালে পর্ষদ এবং পর্ষদ কর্তৃক গঠিত কমিটিসমূহের সভায় উপস্থিতির জন্য পরিচালকদের ২.০৪ মিলিয়ন টাকা প্রদান করেছে,যা লাভ-ক্ষতির হিসাবে বিবৃত হয়েছে।

নিরীক্ষক নিয়োগ

অত্র কোম্পানির বর্তমান নিরীক্ষক প্রতিষ্ঠান ফেমস্ এন্ড আর চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ ২৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পর অবসর নেবেন। ফেমস্ এন্ড আর চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ ফার্ম এর মেয়াদ ৩ বছর সময়কাল পূর্ণ হওয়ার কারণে তারা পুনরায় নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত না হওয়ায় নতুন আবেদন সমূহের মধ্যে যাচাই বাছাই করার পর আর্টিসান চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ ফার্মকে ২০২৬ সালের জন্য বার্ষিক ১,৯৮,০০০/- ফি নির্ধারণ করে (২৬তম বার্ষিক সাধারণ সভায় অনুমোধন সাপেক্ষে) আগামী বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়া পর্যন্ত কোম্পানির নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য প্রস্তাব করা হচ্ছে।

কোম্পানির হিসাবের চলমান প্রক্রিয়া

এ বিষয়ে অত্র কোম্পানির ২০২৫ সালের বার্ষিক প্রতিবেদনে বর্ণিত নিরীক্ষিত আর্থিক বিবৃতির নোট নম্বর ২.০৫ এ বিবৃত হয়েছে।

আর্থিক প্রতিবেদন

অত্র কোম্পানি বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ৩ জুন, ২০১৮ তারিখের নোটিফিকেশন অনুযায়ী কর্পোরেট গভর্নেন্স কোড যথাযথভাবে পরিপালন করতে সক্ষম হয়েছে। এছাড়াও কোম্পানি আইন, বীমা আইন এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন বিধিমালা অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ তৈরি করা হয়েছে। যার ফলে কোম্পানির আর্থিক অবস্থা, সমাপ্ত বছরের কার্যক্রমের হিসাব বহিসমূহ সঠিকভাবে সংরক্ষিত হয়েছে এবং আর্থিক বিবরণীসমূহ হিসাব নীতিমালা অনুসারে প্রণয়ন করা হয়েছে। মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) কর্তৃক এ সংক্রান্ত ঘোষণা পত্র বার্ষিক প্রতিবেদন ২০২৫ এর ১৩৪ নম্বর পাতায় বিবৃত করা হল।

পর্ষদ সভা

২০২৫ সালে অত্র কোম্পানির মোট ৮টি পর্ষদ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে পরিচালকগণের উপস্থিতি সংক্রান্ত প্রতিবেদন ৯৬ নম্বর পাতায় সংযুক্ত করা হল।

শেয়ারহোল্ডিং প্যাটার্ণ

অত্র কোম্পানির শেয়ারহোল্ডিং প্যাটার্ণ বার্ষিক প্রতিবেদন ২০২৫ এর ৭৬ ও ৭৭ নম্বর পাতায় বিবৃত করা হল।

পূর্ববর্তী ৫ বছরের আর্থিক তথ্য

অত্র কোম্পানির পূর্ববর্তী ৫ বছরের আর্থিক তথ্য বার্ষিক প্রতিবেদন ২০২৫ এর ২২ নম্বর পাতায় বিস্তারিত বিবৃত হয়েছে।

অডিট কমিটির কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন

অডিট কমিটির কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন ১২৬ নম্বর পাতায় বিবৃত করা হল।

নমিনেশন এবং রিমিউনারেশন কমিটি

পরিচালনা পর্ষদের উপ কমিটি হিসেবে ০৭ সদস্য বিশিষ্ট নমিনেশন এবং রিমিউনারেশন কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির চেয়ারম্যান একজন স্বতন্ত্র পরিচালক। উক্ত কমিটি- যোগ্যতা, অভিজ্ঞতার ভিত্তিতে পরিচালক এবং উর্ধ্বতন নির্বাহীদের পারিশ্রমিক নির্ধারণ এবং নীতিমালা প্রণয়নের জন্য পর্ষদকে সুপারিশ করবে।

শেয়ারহোল্ডার সংখ্যা

কোম্পানির রেকর্ড অনুযায়ী ২০২৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির সর্বমোট শেয়ারহোল্ডারের সংখ্যা ৪,৯০০ জন।

শেয়ারহোল্ডারদের প্রতি দায়িত্ব

শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষার ব্যাপারে কোম্পানি প্রতিশ্রুতিবদ্ধ। পর্ষদ সব সময় শেয়ারহোল্ডারদের গঠনমলূক প্রস্তাবকে স্বাগত জানায় এবং তা বাস্তবায়নের চেষ্টা করে। কোম্পানির বার্ষিক প্রতিবেদনে শেয়ারহোল্ডারদের জন্য পর্যাপ্ত তথ্য প্রকাশ করা হয়ে থাকে। কোম্পানির ত্রৈমাসিক আর্থিক বিবরণী পত্রিকা, ইলেকট্রনিক মিডিয়া এবং কোম্পানির ওয়েব সাইট এ প্রকাশিত হয়। কোম্পানি তার শেয়ারহোল্ডারদের ভাল লভ্যাংশ প্রদান করতে সদা সচেষ্ট। কোম্পানির প্রতি শেয়ারহোল্ডারদের অগাধ বিশ্বাস থাকার কারণে শেয়ারহোল্ডারদের সংখ্যা ক্রমাগত বাড়ছে।

পরিচালনা পর্ষদ

কোম্পানির পরিচালকবৃন্দ সকলেই স্ব স্ব ক্ষেত্রে যথেষ্ট দক্ষ ও যোগ্যতার অধিকারী। বর্তমান পর্ষদে সদস্য সংখ্যা ১৮ (আঠারো) জন। পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দের রয়েছে প্রাতিষ্ঠানিক ও ব্যবসায়িক কর্মকান্ডের প্রচুর অভিজ্ঞতা এবং তাঁরা নিয়ন্ত্রণকারী সংস্থার নির্দেশ যথাযথ ভাবে পরিপালনে সক্ষম। পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত বাজেটের নিয়ন্ত্রণ, গাইড লাইন ও কর্ম পরিকল্পনা কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাদের সর্বোচ্চ মেধা ও শ্রম দিয়ে বাস্তবায়ন করে যাচ্ছে। ২০২৫ সালে পর্ষদের ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে। পর্ষদের বিভিন্ন কার্য সম্পাদনে সহায়ক ভূমিকা পালনের লক্ষ্যে নির্বাহী কমিটি, অডিট কমিটি, ক্লেইম কমিটি, নমিনেশন এন্ড রিমিউনারেশন কমিটি, বিনিয়োগ কমিটি, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি, গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি নামে পর্ষদের ৭টি কমিটি রয়েছে।

ম্যানেজমেন্ট টিম

মুখ্য নির্বাহী কর্মকর্তার নেতৃত্বাধীন একটি শক্তিশালী ম্যানেজমেন্ট টিম রয়েছে কোম্পানিতে। পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত কার্যকর করার

দায়িত্ব এই টিমের উপর ন্যস্ত। এই টিমে প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানগণ অর্ন্তভূক্ত টিমের প্রত্যেক সদস্যই তাদের স্ব-স্ব ক্ষেত্রে অত্যন্ত দক্ষ ও যোগ্যতাসম্পন্ন। প্রত্যেকে তাদের দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের মাধ্যমে কোম্পানিকে কাঙ্খিত লক্ষ্যে পৌছানোর জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

মানব সম্পদ উন্নয়ন

বীমা মূলত একটি সেবাধর্মী শিল্প। গ্রাহকদের সর্বোৎকৃষ্ঠ সেবা দেওয়ার জন্য একটি দক্ষ, অনুপ্রাণিত এবং যোগ্য কর্মীদল অপরিহার্য। আমাদের কর্মীরা ইতিমধ্যেই পেশাগতভাবে বেশ দক্ষ, তা সত্ত্বেও নিয়মিত প্রশিক্ষণ, কর্মশালা এবং পারস্পরিক আলোচনার মাধ্যমে তাদের জ্ঞান ও পেশাগত দক্ষতা ক্রমাগত বাড়িয়ে তুলতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সদা নিয়োজিত রয়েছে।

আমরা কর্মক্ষেত্রে এমন একটি পরিবেশ তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ যা দলগত কাজ, কর্মদক্ষতা এবং নতুন কিছু করার উদ্যমকে (ইনোভেশন) উৎসাহিত করে। আমাদের নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ স্বচ্ছ, যা আমাদের অত্যন্ত প্রতিযোগিতামূলক প্রার্থী তালিকা থেকে সেরা প্রতিভাদের বেছে নিতে সাহায্য করে। ৩১শে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত কোম্পানির মোট কর্মী সংখ্যা দাঁড়িয়েছে ৬৮৪ জনে। আমাদের কর্মীদের যুগের সাথে তাল মিলিয়ে চলার উপযোগী দক্ষতা প্রদানের জন্য কোম্পানি নিয়মিত বিভিন্ন বিশেষায়িত প্রশিক্ষণ কর্মসূচি এবং ব্যবহারিক কর্মশালার আয়োজন করে থাকে। বছরজুড়ে আমাদের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ দেশের শীর্ষস্থানীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন কোর্সে অংশ নিয়েছেন। এছাড়াও, আমাদের উচ্চপদস্থ নির্বাহী কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সেমিনার ও কর্মশালায় অংশ নিয়েছেন, যা আমাদের কর্মকান্ডকে আরও উন্নত করতে বৈশ্বিক অভিজ্ঞতা অর্জনে সাহায্য করেছে।

আমাদের মানবসম্পদ নীতিতে কর্মীদের সার্বিক কল্যাণকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়। কর্মীদের কাজের স্বীকৃতি দিতে এবং দীর্ঘমেয়াদী ক্যারিয়ারের উন্নয়নে আমরা বিভিন্ন সুবিধার একটি চমৎকার সমন্বয় নিশ্চিত করি, যার মধ্যে রয়েছে: আকর্ষণীয় বেতন কাঠামো; উৎসব এবং পারফরম্যান্স-ভিত্তিক প্রণোদনা বোনাস; যোগ্যতার ভিত্তিতে ন্যায্য পদোন্নতি এবং ক্যারিয়ার গড়ার সুযোগ কর্মীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে এবং তাদের মনোবল, আনুগত্য ও প্রতিষ্ঠানের প্রতি আন্তরিকতা বাড়িয়ে তুলতে কোম্পানি আরও প্রদান করছে: কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড; গ্রুপ ইন্স্যুরেন্স; কর্পোরেট হেলথ ইন্স্যুরেন্স পলিসি।

সামাজিক দায়বদ্ধতা

গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে নিয়মিত অংশগ্রহণ করে থাকে, যা একটি চলমান প্রক্রিয়া। আমাদের সামাজিক দায়বদ্ধতা শুধু আমাদেও কর্মীদের জন্যই নয়, সাধারণ জনগণের প্রতিও বিস্তৃত।

এ প্রেক্ষিতে ২০২৫ সালে কোম্পানি মানবিক ও সামাজিক কল্যাণমূলক বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করেছে। "ঢাকা ইউনিভার্সিটি ন্যাশনাল মডেল ইউনাইটেড নেশনস (DUNMUN) ২০২৫" সম্মেলনে পৃষ্ঠপোষকতা স্বরূপ Dhaka University Model United Nations Association-কে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।

সামাজিক ও ধর্মীয় অবকাঠামো উন্নয়নের অংশ হিসেবে ব্রাহ্মণবাড়িয়া জেলার হাসন্নগর কবরস্থানের উন্নয়ন কার্যক্রমে সহযোগিতার জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার অনুদান প্রদান করা হয়েছে। বাংলাদেশ খো খো ফেডারেশন কর্তৃক আয়োজিত "স্কুল খো খো টুর্নামেন্ট-২০২৫"-এর প্রধান পৃষ্ঠপোষক হিসেবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

বাংলাদেশ ইন্স্যুরেন্স অ্যাসোসিয়েশনের মাধ্যমে বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমির বাজেট সাপোর্ট হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। একইসঙ্গে বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিস বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠানে ১৫০টি কনফারেন্স ব্যাগ সরবরাহ বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।

দেশের বীমা খাতের সমসাময়িক সংস্কার ও উন্নয়ন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত একটি সেমিনারে যৌথ অংশীদার হিসেবে পাক্ষিক অর্থ কাগজ-কে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা কো-স্পন্সরশিপ প্রদান করা হয়েছে।

মানবিক সহায়তা কার্যক্রমের অংশ হিসেবে সমাজের সুবিধাবঞ্চিত ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাবলম্বী হওয়ার প্রচেষ্টায় আল-রাজী কমপ্লেক্সের লিফটম্যান জনাব মোঃ আলামিন হোসেনকে প্রতিবন্ধী যানবাহন ক্রয়ের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া জরুরি চিকিৎসা সহায়তার প্রয়োজন বিবেচনায় একই কমপ্লেক্সের অপর লিফটম্যান জনাব মোঃ আব্দুল করিমের পরিবারের সদস্য মোসাঃ সায়মা বেগমের চিকিৎসা ব্যয় নির্বাহে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি বিশ্বাস করে যে সামাজিক উন্নয়ন ও কর্পোরেট সুশাসন একে অপরের পরিপূরক। ভবিষ্যতেও কোম্পানি দেশের শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া, সামাজিক কল্যাণ এবং মানবিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে একটি দায়িত্বশীল ও টেকসই কর্পোরেট নাগরিক হিসেবে তার অঙ্গীকার অব্যাহত রাখবে।

এমফ্যাসিস অফ ম্যাটার-এর ব্যাখ্যা:

১. শ্রমিক অংশগ্রহণ তহবিল: বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন-এর বিআইএ-৩ (৯১) ২০১৯-৫১২ তারিখ ২৬ ডিসেম্বর, ২০১৯-এর বীম উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ৫৩.০৩.০০০০.০৭৫.২২.২৯.২০২১.৩০ তারিখ ০২ জুন, ২০২১ চিঠির পরিপ্রেক্ষিতে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ WPPF প্রদান না করার সিদ্ধান্ত নিয়েছেন।

কৃতজ্ঞতা

আমি পরিচালনা পর্ষদের পক্ষ থেকে অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, সাধারণ বীমা কর্পোরেশন, ন্যাশনাল ক্রেডিট রেটিংস লিমিটেড, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, সকল তফসিলী ব্যাংক ও লিজিং কোম্পানি সহ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ যারা আমাদের কোম্পানিকে বিভিন্ন সময়ে মূল্যবান নির্দেশনা ও সার্বিক সহযোগিতা প্রদান করেছেন-তাঁদের সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। আমাদের সকল সম্মানিত গ্রাহক, শেয়ারহোল্ডার, পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ী-যারা দেশ ও বিদেশ থেকে আমাদেরকে দায়িত্ব পালনে সর্বাত্মক সহযোগিতা ও সমর্থন দিয়ে যাচ্ছেন– তাঁদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

যাদের অক্লান্ত ও নিরলস পরিশ্রমের কারণে গ্লোবাল ইন্স্যুরেন্স পিএলসি অতি অল্প সময়ে সকলের আস্থা ও বিশ্বাস অর্জনে সমর্থ হয়েছে-তাঁদের কথা এখানে উল্লেখ না করলেই নয়। অত্র কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শাখা ইনচার্জ ও উন্নয়ন কর্মকর্তাবৃন্দ, সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারী-যাদের আন্তরিক প্রচেষ্টা ও যথাযথ কর্তব্য পালন ছাড়া আমাদের এ সাফল্য অর্জন সম্ভবপর হতো না। কোম্পানির পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আমি তাঁদের নিষ্ঠা ও অবদানকে এই মহতি অনুষ্ঠানের মাধ্যমে স্মরণ করছি। পরিশেষে আমি আমাদের সম্মানিত শেয়ারহোল্ডারদের প্রতি কোম্পানির ২০২৫ সালের বার্ষিক হিসাব ও পরিচালক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য সবিনয় আহবান জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

পরিচালনা পর্ষদের পক্ষে,



সাঈদ আহমেদ, এমপি

চেয়ারম্যান